

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

ٱلْفصلْ التَّنِفْ (بَابِ الرِّيَاءِ والسمعة)

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى قَالَ: لَقَدْ خَلَقًا أَلْسِنَتُهُمْ أَحْلَى مِنَ السُّكَّرِ وَقُلُوبُهُمْ أَمَرُ مِنَ الصَّبْرِ فَبِي حَلَفْتُ لَأُتِيحَنَّهُمْ فَتُلُوبُهُمْ أَمَرُ مِنَ الصَّبْرِ فَبِي حَلَفْتُ لَأَتِيحَنَّهُمْ فِيهِمْ حَيْرَانَ فَبِي يغترون أم عليَّ يجترؤونَ؟ رَوَاهُ التِّرْمِذِيِّ وَقَالَ: هَذَا حديثٌ غَريب

اسناده ضعیف ـ رواه الترمذی (2405) * حمزة بن ابی محمد : ضعیف ـ (ضَعِیف)

বাংলা

৫৩২৪-[১১] ইবনু উমার (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: মহান কল্যাণময় আল্লাহ তা'আলা বলেছেন, আমি এমন কতক মাখলুক সৃষ্টি করেছি যাদের মুখের বাণী চিনি অপেক্ষা সুমিষ্টি। আর তাদের হৃদয় সবর (তেতো ফল) অপেক্ষা তিক্ত। আমি আমার শপথ করে বলছি, আমি তাদের ওপর এমন বিপর্যয় অবতীর্ণ করব যে, তাদের জ্ঞানী-গুণী লোকেরাও দিশেহারা হয়ে পড়বে। তারা কি আমাকে ধোঁকা দিতে চাচ্ছে নাকি আমার সাথে ধৃষ্টতা পোষণ করছে? ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব।

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৪০৫, য'ঈফুল জামি' ১৬২, য'ঈফ হওয়ার কারণ সানাদে হামযাহ্ ইবনু আবূ মুহাম্মাদ নামের রাবী য'ঈফ। হিদায়াতু রুওয়াত ৫/৬৪।



ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى قَالَ: لَقَدْ خَلَقْتُ خَلْقًا) আল্লাহ তা'আলা বলেন, অবশ্যই আমি এমন একদল মানুষকে সৃষ্টি করেছি যাদের ভাষা চিনির চেয়ে মিষ্টি এবং তাদের অন্তর হকপন্থীদের প্রতি তিক্ত গাছের রসের চেয়ে আরো তিক্ত হবে।

(فَبِي حَلَفْتُ لَأَتِيحَنَّهُمْ فِتْنَةً) আমার 'ইযযতের কসম করে বলছি তাদের ভিতর এমন ফিতনাহ্ ছড়িয়ে দিব যে, বিচক্ষণ 'আলিম পর্যন্ত তা নিয়ে পেরেশান থাকবে।

(غَبِي يغترّون أَم عليَّ يجترؤون؟) তারা কি আমার সাথে প্রতারণা করছে নাকি দুঃসাহসিকতা প্রদর্শন করছে? (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন